



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
[www.btrc.gov.bd](http://www.btrc.gov.bd)



স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.১২.০০১.২২. ২৬৫৫

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৯ বঃ  
১৬ ডিসেম্বর ২০২২খ্রিঃ

**বিষয়ঃ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত নীতিমালা, ২০২২।**

কমিশনে গত ২৩ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২৬৯তম কমিশন সভার অনুমোদন মোতাবেক বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি প্রদানের লক্ষ্যে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানামালা, ২০২২ এর প্রবিধি-৫ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে জারীকৃত নীতিমালা সংশোধনপূর্বক নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলো :

- ১। এই নীতিমালা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত সংশোধিত নীতিমালা-২০২২ নামে অভিহিত হবে।
- ২। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানামালা, ২০২২ এর তফসিলে বর্ণিত বিধানাবলি সাপেক্ষে কমিশনের কোনো কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হবে। তবে শর্ত থাকে যে, কেবল জ্যেষ্ঠতার জন্য কোনো কর্মচারী অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবি করতে পারবে না।
- ৩। পদোন্নতির জন্য গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হবে।
- ৪। কোনো কর্মচারী কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না, যদি তাহার চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না থাকে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মেধা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ না হয়ে থাকেন।
- ৫। কোনো কর্মচারীর ফিডার পদে প্রয়োজনীয় চাকরিকাল পূর্ণ না হলে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবে না।
- ৬। পদোন্নতির পরীক্ষা পদ্ধতিঃ  
পদোন্নতির জন্য লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হবে।
- ৭। পরীক্ষার নম্বর বন্টনঃ  
(ক) লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪০ নম্বরের।  
(খ) মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে ১০ নম্বরের।
- ৮। পরীক্ষার মূল্যায়ন পদ্ধতিঃ  
(ক) লিখিত ও মৌখিক পরীক্ষার মোট নম্বরের ৫০% প্রাপ্তগণ উত্তীর্ণ মর্মে গণ্য হবে।  
(খ) যে সকল পদের জন্য ব্যবহারিক পরীক্ষা প্রযোজ্য সে সকল পদে ব্যবহারিক পরীক্ষায় কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে বাংলায় ২০(বিশ) শব্দ এবং ইংরেজিতে ২০(বিশ) শব্দ হলে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ মর্মে গণ্য হবে।



(গ) যে সকল প্রার্থীগণ লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হবেন, কিন্তু ব্যবহারিক পরীক্ষায় অনুত্তীর্ণ হবে, সে সকল প্রার্থী পরবর্তীতে কেবল ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করলেই চলবে।

৯। পরীক্ষার সিলেবাস/বিষয়ঃ

(ক) পেশাগত জ্ঞান।

(খ) সরকারি বিধি-বিধান সংক্রান্ত।

(গ) সাধারণ জ্ঞান (বাংলা, ইংরেজী, গণিত ও চলতি বিষয়াবলী)

(ঘ) ব্যবহারিক পরীক্ষা (সংশ্লিষ্ট পদ অনুযায়ী)

১০। মেধা যাচাই পরীক্ষায় একবার উত্তীর্ণ হলে পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। পরীক্ষায় উত্তীর্ণ না হলে পরবর্তীতে অনুষ্ঠিত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১১। বিরূপ মন্তব্যের ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক পদোন্নতি প্রদান করা হবে।

১২। পদোন্নতি প্রদানের শর্তাবলীঃ

(ক) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত জ্যেষ্ঠতা তালিকা অনুসরণ ব্যতীত কোনরূপ পদোন্নতি প্রদান করা হবে না।


(খ) কেবল শূন্য পদের বিপরীতে পদোন্নতি প্রদান করা হবে এবং উক্তক্ষেত্রে প্রচলিত বিধি-বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ করা হবে।

(গ) পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান ব্যতীত পদোন্নতি কার্যকর হবে না এবং পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে ঐ পদের বেতনস্কেলে বেতন নির্ধারিত হবে।

(ঘ) প্রেষণে কর্মরতদের ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত মূল পদে যোগদান না করা পর্যন্ত পদোন্নতি কার্যকর হবে না এবং কোনো কর্মকর্তা বা কর্মচারী প্রেষণরত অবস্থায় পদোন্নতিপ্রাপ্ত হয়ে সরাসরি একই প্রেষণ পদে অথবা অপর একটি প্রেষণ পদে যোগদান করতে পারবে না।

১৩। সংশোধিত নীতিমালা জারির সাথে সাথে ইতোপূর্বে কমিশনের স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.১২.০০১.২২.২১৬৩, তারিখ-১৩/০৯/২০২২ এর মাধ্যমে জারিকৃত কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত নীতিমালা-২০২২ বাতিল বলে গণ্য হবে।

১৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ দেলোয়ার হোসাইন)  
মহাপরিচালক (প্রশাসন)

**অনুলিপি-সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। কর্মকর্তা/কর্মচারী (সকল), বিটিআরসি।

২। পরিচালক-২, বিটিআরসি (বিটিআরসি'র ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)।

৪। মহাপরিচালক (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)।

৫। অফিস কপি।